গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কোটচাঁদপুর,ঝিনাইদহ
(অধিবেশন নং-০৬/২০২২-২৩)

# কোটচাঁদপুর উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোছাঃ শরিফুন্নেছা (মিকি)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কোটচাঁদপুর, ঝিনাইদহ।
সভাস্থল: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
সভার তারিখ: ২০ ডিসেম্বর ২০২২।
সভার সময়: সকাল- ১০.০০ ঘটিকা।
০২। সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যবিবরণীতে কোন বিভাগের কোন সংশোধনী থাকলে তা পেশ করার জন্য অনুরোধ জানান। কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা পরিষদে সকল দপ্তরের বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য অধিদপ্তর ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় কোভিড/১৯ এর টিকা কার্যক্রম চলমান আছে। এছাড়াও বুষ্টার ডোজ প্রদান করা হচ্ছে। এই কার্যক্রমের স্বতস্ফূর্ততা বাড়াতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি জানান যে,তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০২ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ও মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের বিভিন্ন সূচক সভায় উপস্থাপন করেন। এছাড়াও তিনি জানান যে,তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৩ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন ওয়ার্ডে পরিবেশ বান্ধব জৈব সার হিসাবে কেঁচো সার উৎপাদন ও ব্যবহার সম্প্রসারণের মাধ্যমে রাসায়নিক সারের ব্যবহার হ্রাসকরণ প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ জানান। এছাড়াও আবহাওয়া অনুকূলে থাকায় চলতি রবি মৌসুমে ফসলের অবস্থা খুবই ভালো বিশেষ করে ভূট্টা, সূর্যমুখী, মসুর। এছাড়াও অত্র উপজেলায় বোরো ধানের বীজতলার কার্যক্রম চলমান আছে এই মৌসুমে বোরো ধান আবাদের মোট লক্ষ্যমাত্রা ৬১৫০ হেঃসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে উল্লেখিত প্রকল্পটি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৪ | মৎস্য অধিদপ্তর ঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে অত্র উপজেলার প্রান্তিক মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সহায়ক উপকরণ বিতরণের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তাঁর দাপ্তরিক সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে উল্লেখিত প্রকল্পটি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৫ | প্রাণি সম্পদ অধিদপ্তর ঃ উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,অত্র উপজেলায় গবাদি ও বিভিন্ন পশু পাখির রোগ এবং প্রতিকার বিষয়ে তাঁর দপ্তর কর্তৃক কয়েকটি নির্ধারিত স্থানে ভ্যাকসিন ও অন্যান্য সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| ০৬ | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে টিআর,কাবিখার বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের আলোকে ২০% রিজার্ভ রেখে বাকী ৮০% এর অনুকূলে প্রকল্প গ্রহণ ও অনুমোদনের জন্য জেলা কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। জেলা কমিটি কর্তৃক প্রকল্পগুলি অনুমোদিত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়াও অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি), মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প, এইসবিবি প্রকল্পের ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে বরাদ্দের আলোকে কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | সমাজসেবা অধিদপ্তর ঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,গত ২০২২-২৩ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা, ও প্রতিবন্ধি, প্রতিবন্ধি শিক্ষা উপ-বৃত্তি ভাতাভোগীর মোট সংখ্যা ১০,৫৭৯ জন। পেরোল প্রেরণের হার শতভাগ। এছাড়াও তিনি জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৮ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত ৫ থেকে ১১ বছর বয়সের সকল শিশুকে কোভিড/১৯ এর টিকা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে, আগামী ০১ জানুয়ারি/২০২৩ বই উৎসব উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বই পাঠানোর কার্যক্রম চলমাননসহ তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয় | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯ | মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রাপ্ত অসহায়,দুস্থ্য,বিধবা ও স্বামী পরিত্যাক্তা নারীদের মাঝে সেলাই মেশিন ও বাল্য বিবাহ ও আত্মহত্যা প্রতিরোধে সচেতনতা মূলক পোষ্টার বিতরণ মূলক প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এছাড়াও ভিডব্লিউবি: ২০২১-২০২২ ভিডব্লিউবি চক্রের ডিসেম্বর/২০২২ মাসের পুষ্টি চালের ডিও করা হয়েছে এবং সে মোতাবেক ৫টি ইউনিয়নে ভিজিডি উপকার ভোগীদের মাঝে পুষ্টি চাল বিতরণ ও মাসিক ২০০ টাকা হারে সঞ্চয় আদায় করা হয়। উল্লেখ্য যে, ৫টি ইউনিয়নের মধ্যে সাফদারপুর, দোড়া,কুশনাও বলুহর ইউনিয়নের ৮৮০ জন উপকার ভোগীদের ব্যাংক হিসাব ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে এবং এলাঙ্গী ইউনিয়নের ১৮৬ জন উপকার ভোগীদের ব্যাংক হিসাব সোনালী ব্যাংক লিঃ কোটচাঁদপুর শাখা, ঝিনাইদহ এর মাধ্যমে জমা করা হয়েছে । এছাড়াও ভিডব্লিউবি কর্মসূচীর ৫টি ইউনিয়নের ১০৬৬ জন ভিজিডি উপকার ভোগীদের খাদ্য বিতরন, সঞ্চয় আদায় সহ জীবন দক্ষতা মূলক ও আয় বর্ধক প্রশিক্ষণ করার জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকার সাথে এইড ফাউন্ডেশন (এনজিও) চুক্তি বদ্ধ হয়েছে । ২০২১-২০২২ ভিডব্লিউবি চক্রের মেয়াদ ডিসেম্বর ২০২২ মাসে শেষ হওয়ায় জমাকৃত সঞ্চয় উপকারভোগীদের ফেরত প্রদান করা হবে। এছাড়া ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের নতুন উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। দরিদ্র মার জন্য মাতৃত্ব কাল ভাতা কার্যক্রমঃ এই কার্যক্রমটি স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। উপজেলা ল্যাকটোটিং মাদার সহায়তা তহবিল কার্যক্রমঃ এই কার্যক্রমটি চলমান রয়েছে । প্রশিক্ষণ কার্যক্রমঃ টেইলারিং ১০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ চলমান রয়েছে এবং উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আইজিএ) প্রকল্পের আওতায় ফ্যাশন ডিজাইন (ব্লকবাটিক) এবং ভার্মিকম্পোস্ট, মৌ ও মাশরুম চাষ ট্রেডে ১৭ তম ব্যাচের স্থগিতকৃত প্রশিক্ষণ চালু হয়েছে এবং ১৮ তম ব্যাচে নতুন প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছে এবং প্রশিক্ষণ চলমান রয়েছে । সচেতনতা মূলক কার্যক্রমঃ বাল্যবিবাহ, আত্মহত্যা,নারীনির্যাতন ,যৌতুক, ইভটিজিং,মাদক, মানব পাচার রোধে ভিজিডি, মাতৃত্বকাল,ল্যাকটেটিং উপকার ভোগী এবং প্রশিক্ষণার্থীদের সাথে আলোচনা,উঠান বৈঠক এর মাধ্যমে সচেতনতা মূলক কার্যক্রম চলমান রয়েছে । কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প : কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প আওতায় কোটচাঁদপুর উপজেলায় ৬টি ক্লাব রয়েছে। প্রতি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর সদস্য রয়েছে। ক্লাবগুলোতে কিশোর কিশোরীদের পুষ্টিকর নাস্তা বিতরণ করাসহ ক্লাবের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রয়েছে। এছাড়া জানুয়ারি ২০২৩ মাস হতে নতুন কিশোর কিশোরী সদস্য অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া চলমানসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে চলছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে উল্লেখিত প্রকল্পটি গ্রহণ করাসহ দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০ | যুব উন্নয়ন অধিদপ্তর ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ডিসেম্বর/২২ মাসে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে মোট ঋণ আদায়যোগ্য ২,৫০,৪৮৩/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার চারশত তিরাশি) টাকা, আদায়কৃত ২,৪০,০৭১/- (দুই লক্ষ চল্লিশ হাজার একাত্তর) টাকা, আদায়ের হার ৯৬%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৬,৫৫,৬২,৪০০/- (ছয় কোটি পঞ্চান্ন লক্ষ বাষট্টি হাজার চারশত) টাকা, আদায়যোগ্য ৬,০৮,৬১,৯১৫/- (ছয় কোটি আট লক্ষ একষট্টি হাজার নয়শত পনের) টাকা,আদায়কৃত ৬,০৩,৮২,৬৬৪/- (ছয় কোটি তিন লক্ষ বিরাশি হাজার ছয়শত চৌষট্টি) টাকা, আদায়ের হার ৯৯% পারিবারিক কর্মসংস্থানের লক্ষ্যে মোট ঋণ আদায়যোগ্য ৩২,৬৪০/- (বত্রিশ হাজার ছয়শত চল্লিশ) টাকা, আদায়কৃত ৩২,৬৪০/- (বত্রিশ হাজার ছয়শত চল্লিশ) টাকা, আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,০৭,০৭,০০০/- (এক কোটি সাত লক্ষ সাত হাজার) টাকা, আদায়যোগ্য ১,০৪,৮৪,৭৬০/- (এক কোটি চার লক্ষ চুরাশি হাজার সাতশত ষাট) টাকা,আদায়কৃত ১,০৩,৬৬,০৮৮/- (এক কোটি তিন লক্ষ ছেষট্টি হাজার আটাশি) টাকা, আদায়ের হার ৯৯%। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১১ | <u>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর</u> ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচী (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে মোট ১৬,৭২,০০০/- বরাদ্দ পাওয়া যায় গিয়াছে। সে মোতাবেক ৪ কিস্তিতে ১৬,৭২,০০০x ৪ = ৬৬,৮৮,০০০/- এবং ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ১৬,৩৮,১৮৭/- সর্বমোট ৮৩,২৬,১৮৭/- টাকার প্রকল্প গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করা হয়েছে। এছাড়াও আরইআরএমপি-৩ প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে কাচা পাকা ২০ কিঃমিঃ রাস্তায় ১০ জন করিয়া মোট ৫০ জন ক্রু মহিলা দ্বারা রাস্তা মেরামতের কাজ সন্তোষজনক ভাবে চলমান রয়েছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২ | <u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</u> ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, অত্র উপজেলায় সুপেয় পানির ব্যবস্থার জন্য গভীর ৫০ টি এবং অগভীর ৮০ টি টিওবয়েল এর বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ বিভাজন করা জন্য সংশ্লিষ্ট কমিটিকে সভার মাধ্যমে অনুরোধ জানান। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী |
| ১৩ | <u>পল্লী উন্নয়ন বোর্ড</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, ডিসেম্বর/২২ মাস পর্যন্ত ঋণ আদায় ৭২২.৮৩ (লক্ষ) টাকা,ঋণ বিতরণ হয়েছে ৪৩.৩৩ (লক্ষ) টাকা, শেয়ার আদায় ২২ (লক্ষ) টাকা, সঞ্চয় আদায় ২.৫৫ (লক্ষ) টাকা। এছাড়াও এসএমই ঋণের কার্যক্রম চলমান চলমান আছে। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৪ | <u>সমবায় অধিদপ্তর</u> ঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, ডিসেম্বর/২২ মাসে মোট অডিটযোগ্য সমিতির সংখ্যা ১১১ টি এর মধ্যে সম্পন্ন হয়েছে ৪৯ টি ধার্যকৃত মোট অটিট ফি ৭৩,৮০০/-(তিয়াত্তর হাজার আটশত) টাকা আদায় ৭৩,৮০০/-(তিয়াত্তর হাজার আটশত) টাকা আদায়ের হার ১০০%। চিত্রা আশ্রায়ণ (ফেইজ-২) প্রকল্পে আওতায় মোট বরাদ্দ ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা বিতরণকৃত ঋণের পরিমাণ ৯,৭৭,০০০/- (নয় লক্ষ সাতাত্তর হাজার) টাকা। আদায় ৯,৫৫,৬৩৩/- (নয় লক্ষ পঞ্চান্ন হাজার ছয়শত তেঁতত্রিশ)টাকা আদায়ের হার ৯০%। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | <u>ফরেস্টার/ডেপুটি রেঞ্জ</u> ঃ ফরেস্টার সভায় জানান যে,অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে রাস্তার ধারে বৃক্ষ রোপনের লক্ষ্যে ৫,০০০ (পাঁচ হাজার) চারার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে উপযুক্ত স্থান নির্বাচন করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি জানান যে,তাঁর দাপ্তরিক সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | ফরেষ্ট রেঞ্জার |
| ১৬ | <u>উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর</u> ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৭ | <u>খাদ্য অধিদপ্তর</u> ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে গুদামে স্টক আছে চাউল ১৩১৬.৪৮৭ মে: টন, ধান ০০ মে: টন, গম ৩৩.৩৩৪ মে: টন চলতি আমন মৌসুমে আমন চাল সংগ্রহের লক্ষমাত্রা ১১৩.০০০ মে: টন ধান ৩৬৯.০০০ মে: টন। এছাড়াও ভিজিডি,খাদ্য বান্ধব,ওএমএস কর্মসূচির সকল কার্যক্রম চলমানসহ তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | <u>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্র সেচ) বিএডিসি</u> ঃ উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সেচ যন্ত্রের লাইসেন্সের জন্য সর্বমোট ০৮ টি আবেদন পাওয়া গেছে। ভূগর্তস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৯ এর তফশিল-২ অনুযায়ী অনুমোদনের জন্য সুপারিশ করা হলো। | ০১। অনুমোদিত আবেদন সমূহ নিম্নরুপ (নিচের সারণি দ্রষ্টব্য) | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) বিএডিসি |

| ক্রঃন | আবেদনকারীর নাম ঠিকানা | ইউনিয়ন | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং |
|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ ফারুক হোসেন, পিতা- মৃত আঃ রহমান | বলুহর | রামচন্দ্রপুর | ৬০ | ৫৬ |
| ০২ | মোঃ বদিউজ্জামান, পিতা- আঃ লতিফ | ঐ | বলুহর | ৫৯ | ১৬৭৬ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৩ | মোঃ সহিদুল ইসলাম সর্দার, পিতা- কেসমত সর্দার | ঐ | ঐ | ৫০৪ | ১৭৩৩ |
| ০৪ | মোঃ মাহফুজুর রহমান, পিতা- মোঃ হাফিজুর রহমান | কুশনা | জালালপুর | ৬১৫ | ৩৫৫১ |
| ০৫ | মোঃ আতিয়ার রহমান,পিতা- মৃত গোলাম সাত্তার | ঐ | তালসার | ৪০৮/৩ | ২৪১৩ |
| ০৬ | মোঃ সোহেল হাসান, পিতা- মৃত মতিয়ার রহমান | ঐ | বর্কশপুর | ১৬৩ | ৪৬৬ |
| ০৭ | মোঃ কিতাব আলী | ঐ | জালালপুর | ৩৫৩ | ১৮২৫ |
| ০৮ | মোঃ সাবদার আলী, পিতা- মোঃ মাহাতাব আলী মন্ডল | ঐ | তালসার | ৮৯৬ | ৪৪০ |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | উপজেলা দারিদ্র বিমোচন দপ্তর ঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র ঋণের মোট লক্ষমাত্রা ১০৮.৩৩ টাকা,অর্জন ৭৮.৭৯ টাকা, অজর্নের হার ৭৩%। নারী উদ্যোক্তা ঋণের মোট লক্ষমাত্রা ২৫.০০ টাকা, অর্জন ৩০.০৫ টাকা অর্জনের হার ১২০%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের মোট লক্ষমাত্রা ৫০.০০ টাকা, অর্জন ৫৫.৩০ টাকা,অর্জনের হার ১১০%। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২০ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ঃ ইউডিএফ সভায় জানান যে, প্রকল্পের নির্দেশনা অনুযায়ী অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের বর্তমান অবস্থার বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন এই অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য গত জুন মাসে প্রকল্প সদর দপ্তর অনুমোদন দিয়েছেন। উপজেলা প্রকৌশল বিভাগ এই কাজগুলি টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়ন করে থাকে। কিন্তু উপজেলা এলজিইডি বিভাগ বিলম্বে টেন্ডার আহ্বান করলেও সেই টেন্ডারে কোন ঠিকাদার অংশ গ্রহণ করেনি। ইতোমধ্যে অবকাঠামো কাজ বাস্তবায়নের শেষ সময়সীমা ডিসেম্বর ২০২২ এমর্মে প্রকল্প সদর দপ্তর থেকে একটি পত্র প্রেরণ করেন। বিষয়টি আমি উপজেলা চেয়ারম্যান মহোদয় ও ইউএনও স্যারকে অবহিত করি। ইউএনও স্যার তাৎক্ষনিক উপজেলা প্রকৌশলী সাহেবের নিকট ব্যাখ্যা জানতে চান। উপজেলা ইঞ্জিনিয়ার লিখিত ব্যাখ্যা দেন এবং প্রকল্প সদর দপ্তরে এবিষয়ে কথা বলেন। প্রকল্পের আন্তর্জাতিক ডেপুটি টীম লিডার বলেন, এখন আর নির্মান কাজের সুযোগ নাই,যদি মালামাল সরবরাহ উপ প্রকল্প গ্রহণ করেন,তাহলে হয়তো স্বল্প সময়ে কাজ শেষ করে বিল ভাউচার পাঠাতে পারেন। উপজেলা প্রকৌশল বিভাগ এই উপ প্রকল্পের বাজেট ও প্রাক্কলন প্রস্তুত করবে এবং এডিপির নিয়মঅনুযায়ী দ্রুত বাস্তবায়ন করবে। সে আলোকে নিম্নলিখিত উপপ্রকল্পগুলি গ্রহণ করা হয়।<br>(ক) তথ্য প্রযুক্তি শিক্ষার উন্নয়নে কোটচাঁদপুর উপজেলার বিভিন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ডেস্কটপ কম্পিউটার ও সিলিং ফ্যান সরবরাহ।<br>(খ) শিক্ষার পরিবেশ ও মান উন্নয়নের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচুঁনীচু প্লাস্টিক বেঞ্চ সরবরাহ। | ০১.বিস্তারিত আলোচনান্তে সময় স্বল্পতার কারণে নির্মাণ কাজের পরিবর্তে সরবরাহ উপ-প্রকল্প প্রস্তাবনা যাচাই বাছাই করে প্রস্তাবনা প্রেরণের জন্য চুড়ান্ত তালিকা প্রস্তুত করা হয়। তালিকা অনুযায়ী উপজেলা প্রকৌশল উপ-প্রকল্প গুলির প্রাক্কলন,ডিজাইন প্রস্তুত পূর্বক অতিস্বত্বর অনুমোদনের জন্য পিএমইউতে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ |
| ২১ | তথ্য প্রকল্প ঃ উপজেলা তথ্য আপা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা তথ্য আপা |
| ২২ | উপজেলা সাব রেজিষ্টার দপ্তর ঃ উপজেলা সাব রেজিষ্ট্রার সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সাব রেজিষ্ট্রার |
| ২৩ | উপজেলা আবাসিক প্রকৌশলী দপ্তর ঃ আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) সভায় যে,ডিসেম্বর/২২ মাসে নতুন সংযোগ প্রদান করা হয়েছে মোট ৫২ টি,সম্পন্ন করা হয়েছে শতভাগ। অভিযোগ ৩৭ টি সম্পন্ন করা হয়েছে শতভাগ। সিস্টেম লস নভেম্বর/২২ ৩.৪০% বিলকৃত টাকার পরিমাণ ১,১৯,১০,০৬৭/- (এক কোটি উনিশ লক্ষ দশ হাজার সাতষট্রি) টাকা আদায়ের পরিমাণ ১,১৫,৭৪,৯৭৮/- (এক কোটি পনের লক্ষ চুয়াত্তর হাজার নয়শত আটাত্তর) টাকা মোট বকেয়ার পরিমাণ ৩,৬৮,৬১,০৭৭/- (তিন কোটি আটষট্রি লক্ষ একষট্রি হাজার সাতাত্তর) টাকা এর মধ্যে পৌরসভার বকেয়া ২,৬৭,০৮,৫০৩/- (দুই লক্ষ সাতষট্রি লক্ষ আট হাজার পাঁচশত তিন) টাকা। এছাড়াও তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো ) |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | উপজেলা নির্বাচন দপ্তর ঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ভোটার হালনাগাদ করণ/২০২২ কার্যক্রমে নতুন ভোটার নিবন্ধনের মোট সংখ্যা ৯,৭৫৪ জন এর মধ্যে পুরুষ ৫,১৯০ জন এবং মহিলা ৪,৫৪৬ জন। স্থানান্তরের মোট ভোটার সংখ্যা ২৬৫ জন এর মধ্যে পুরুষ ১০৯ জন মহিলা ১৫৬ জন। ভোটার কর্তন মোট ২১১২ জন এর মধ্যে পুরুষ ২১১২ জন মহিলা ৯৫৬ জন। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২৫ | উপজেলা ফায়ার সার্ভিস ঃ স্টেশন অফিসার সভায় জানান যে, কোন সমস্যা মোকাবেলা করতে আমরা সদা প্রস্তুত আছি। এছাড়াও যে কোন দুর্ঘটনায় যোগাযোগের জন্য ফায়ার সার্ভিসের মোবাইল নং সংরক্ষন করার জন্য অনুরোধ জানানোসহ তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | স্টেশন অফিসার |
| ২৬ | উপজেলা আনসার ভিডিপি ঃ উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ২৭ | উপজেলা পাট অধিদপ্তর ঃ উপজেলা পাট অফিসার সভায় জানান যে, ডিসেম্বর/২২ মাসে পাটবীজ উৎপাদন কার্যক্রম চলমান আছে এবং পাটবীজ উৎপাদনকারী মোট ৫০ জন কৃষকের প্রশিক্ষণ প্রদানের জন্য নামের তালিকা প্রস্তুত করা হয়েছে। বরাদ্দ পেলে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়াও তাঁর দাপ্তরিব অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পাট অফিসার |
| ২৮ | সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি ঃ এজিএম, কোটচাঁদপুর সাব-জোনাল অফিস,ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে,অত্র উপজেলার চলতি মাসে সিস্টেম লস ২.৭২% বিদ্যুৎ বিক্রয় ১৯,৪২,৪৬০/- আদায় ১,৩১,৩১,২২২/- অভিযোগ মোট ৫৯ টি যা শতভাগ নিস্পত্তি করা হয়েছে। নতুন মোট ২০ টি মিটার সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | এজিএম, কোটচাঁদপুর সাব-জোলান অফিস |
| ২৯ | সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান ঃ সাফদারপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নের জন্ম নিবন্ধনের কার্যক্রম চলমান আছে। এছাড়াও তিনি জানান যে, কোটচাঁদপুর বলুহর স্টান্ড হতে সাফদারপুর ইউনিয়ন পরিষদের অভিমুখে রোডস এন্ড হাইওয়ের বেশ কয়েকটি গাছ মরে গেছে যে কোন সময়ে দুর্ঘটনা ঘটতে পারে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিয়য়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ কার হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৩০ | দোড়া ইউনিয়ন চেয়ারম্যান ঃ দোড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রম চলমান আছে। এছাড়াও তিনি জানান যে, পাঁচলিয়া উপ-স্বাস্থ্য কেন্দ্রে কোন ডাঃ না থাকায় এলাকার মানুষ চরম ভোগান্তি ভোগ করছে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ৩১ | কুশনা ইউনিয়ন চেয়ারম্যান ঃ কুশনা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয় | কুশনা ইউপি চেয়ারম্যান |
| ৩২ | বলুহর ইউনিয়ন চেয়ারম্যান ঃ বলুহর ইউনিয়ন চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| ৩৪ | প্যানেল মেয়র কোটচাঁদপুর পৌরসভা ঃ প্যানেল মেয়র সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে সরকারি বিভিন্ন অফিসে সেবা প্রত্যাশিদের সাথে খারাপ ব্যবহার করা হচ্ছে যা অত্যন্ত দুঃখ জনক। এছাড়াও তাঁর পৌরসভার সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয় | মেয়র কোটচাঁদপুর পৌরসভা |
| ৩৫ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর সংশ্লিষ্ট পরিষদ কমিটির নিয়মিত সভা আহবান করার জন্য সকলকে অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৩৬ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর সংশ্লিষ্ট পরিষদ কমিটির নিয়মিত সভা আহবান করার জন্য সকলকে অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৩৭ | উপজেলা চেয়ারম্যান ঃ উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে অসহায়,দুস্থ্য,বিধবা ও স্বামী পরিত্যাক্তা নারীদের প্রশিক্ষণ ও সেলাই মেশিন সরবরাহের জন্য প্রকল্প গ্রহণের অনুরোধ জানান | ০১.বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থায়নে উল্লেখিত প্রকল্পটি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ৩৮ | উপজেলা পরিষদ কার্যালয়ের নভেম্বর/২০২২ মাসে উপজেলা চেয়ারম্যানের মাসিক সম্মানী ও বাড়ী ভাড়া বাবদ ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা, ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী বাবদ ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী বাবদ ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, আপ্যায়ন,আনুষঙ্গিক ও ইন্টারনেট বিল বাবদ খরচ ৩৫,৮৭৫/- (পঁয়ত্রিশ হাজার আটশত পচাঁত্তর) টাকা, মালির মাসিক বেতন ভাতা বাবদ ১৫,৯৫০/- (পনের হাজার নয়শত পঞ্চাশ) টাকা, পরিচ্ছন্নতাকর্মীর মাসিক বেতন ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা, স্থায়ী কমিটির জুন/২২ হতে সেপ্টেম্বর/২২ পর্যন্ত আপ্যায়ন বিল ২৯,৬০০/-(উনত্রিশ হাজার ছয়শত) টাকা, উপজেলা পরিষদের মিলনায়তন ও ইলেকট্রিক কাজ এবং গেজেটেড ও কিছুক্ষণ কোয়াটারের বাথরুমের হাউজ পরিস্কার বাবদ ১৬,৪০০/-(ষলো হাজার চারশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়েছে যা পরিষদ কর্তৃক অনুমোদনের প্রয়োজন। | ১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/১২/২০২২

মোছাঃ শরিফুন্নেছা (মিকি)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোটচাঁদপুর, ঝিনাইদহ
ফোন ঃ ০৪৫২৪-৬৫২৭৭
ই-মেইল-chairman.upz.kot.jhe@gmail.com

স্মারক নং-০৫.৪৪.৪৪৪২.০০০.০৪.০০২.২২- ১০১৮ (৪০) তারিখ- ২০/১২/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১. মাননীয় সংসদ সদস্য, ৮৩-ঝিনাইদহ ৩।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৫. মেয়র, কোটচাঁদপুর পৌরসভা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৮. উপজেলা ..........................................কর্মকর্তা কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৯. চেয়ারম্যান, সাফদারপুর/দোড়া/কুশনা/বলুহর/এলাঙ্গী ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১০. জনাব ........................................................................ কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১১. উপজেলা সহকারী প্রগ্রামার, কোটচাঁদপুর, ঝিনাইদহ (কার্যবিবরণী ওয়েব পোর্টালে প্রকাশে অনুরোধসহ)

(নিরুপমা রায়) ২০/১২/২০২২
উপজেলা নির্বাহী অফিসার (ভাঃ)
কোটচাঁদপুর, ঝিনাইদহ।
ফোন ঃ ০৪৫২৪-৬৫০০১,০১৩২৪১৩৪৮১০
ই-মেইল-unokotchandpur@mopa.gov.bd

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট- "ক")

| ক্রমিক নং | সদস্যগণের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ শরিফুন্নেছা (মিকি), চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০২ | মোঃ রিয়াজ হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব, পিংকী খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ০৪ | প্যানেল মেয়র, কোটচাঁদপুর পৌরসভা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, সাফদারপুর ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, দোড়া ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, কুশনা ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, বলুহর ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |

০১. সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট- "খ")

| | | |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |

## সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ (পরিশিষ্ট- "গ")

| ক্রমিক নং | উপস্থিত কর্মকর্তাবৃন্দ | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৫ | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা সমবায় অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশল(জনস্বাস্থ্য), কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা দারিদ্য বিমোচন কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ১৮ | ফরেষ্ট রেঞ্জার, সামাজিক বনায়ন কেন্দ্র, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা তথ্য আপা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা ক্ষুদ্র সেচ (বিএডিসি) , কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২১ | ইউডিএফ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সাব রেজিষ্টার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৩ | আবাসিক প্রকৌশলী, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা নির্বাচন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৫ | ফায়ার সার্ভিস স্টেশন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা পাট অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৭ | পল্লী বিদ্যুৎ অফিসার, কোটচাঁদপুর,ঝিনাইদহ। | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (পরিশিষ্ট- "ঘ")

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |
| ০২ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ | |

## সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (অনুমতিক্রমে) (পরিশিষ্ট- "ঙ")

| | | |
|---|---|---|
| ০১ | | |

## সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (অনুমতি ব্যতীত) (পরিশিষ্ট- "চ")

| | | |
|---|---|---|
| ০১ | | |